

যুগান্তর

ঈদের ছুটিতে ইবির হল খোলা রাখার দাবিতে প্রধান ফটক অবরোধ

👤 ইবি প্রতিনিধি

🕒 ০৩ জুন ২০২৪, ২২:৪৮:৩৭ | [অনলাইন সংস্করণ](#)



পবিত্র ঈদুল আজহা ও গ্রীষ্মকালীন ছুটিতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) আবাসিক হলসমূহ খোলা রাখার দাবিতে প্রধান ফটক অবরোধ করেছেন শিক্ষার্থীরা। সোমবার দুপুর ২টার দিকে ফটক অবরোধ করে আন্দোলন করেন তারা।

এ সময় দুপুর ২টার শিফটে শিক্ষক-শিক্ষার্থীদের বহনকারী বাসগুলো ক্যাম্পাসের অভ্যন্তরে আটকা পড়ে। ফলে ভোগান্তিতে পড়েন কুষ্টিয়া-ঝিনাইদহগামী শিক্ষক-শিক্ষার্থীরা। দুপুর আড়াইটার দিকে প্রক্টরিয়াল বডির আশ্বাসে ফটক খুলে দেন আন্দোলনকারীরা। পরে একই দাবিতে উপাচার্য বরাবর স্মারকলিপি দেন তারা।

এর আগে বেলা ১১টায় একই দাবিতে উপাচার্য বরাবর স্মারকলিপি দেয় ইসলামী বিশ্ববিদ্যালয় সামাজিক ও সাংস্কৃতিক মঞ্চ (ঐক্যমঞ্চ)। এ সময় ঐক্যমঞ্চের আহ্বায়ক রাবেয়া খাতুন ও সদস্য সচিব এসএএইচ ওয়ালিউল্লাহসহ বিভিন্ন সামাজিক সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

স্মারকলিপিতে বলা হয়, বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন জাতি, ধর্ম ও গোষ্ঠীর শিক্ষার্থী পড়াশোনা করায় নির্দিষ্ট ধর্মীয় ছুটিতে অন্যান্য ধর্মাবলম্বী শিক্ষার্থীদের বাধ্য হয়ে ক্যাম্পাস ছাড়তে হয়। এছাড়া চাকরি প্রত্যাশীরা পড়াশোনায় মনোনিবেশ করতে চাইলেও সময়টা কাজে লাগানো সম্ভব হয় না। আশা করছি আপনি শিক্ষার্থীদের অসুবিধা বিবেচনা করে এ বিষয়ে শিক্ষার্থীবান্ধব নির্দেশনা দেবেন।

উপাচার্য অধ্যাপক ড. শেখ আবদুস সালাম বলেন, এ বছর হল খোলা রাখা কোনোভাবেই সম্ভব না। আগে থেকেই এগুলো নির্ধারণ করা থাকে। আগামীতে আমরা হল খোলা রাখার বিষয়টি বিবেচনা করব।

প্রসঙ্গত, পবিত্র ঈদুল আজহা ও গ্রীষ্মকালীন ছুটি উপলক্ষে আগামী ১০ জুন সকাল ১০টা থেকে ২৪ জুন পর্যন্ত (১৪ দিন) বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2024

